২. কান্টের কোপারনিকাসের বিপ্লব ব্যাখ্যা কর। 10M R. H.

→ কান্ট প্রণীত "Critique of Pure Reason" গ্রন্থটি বিখ্যাত চারশত বৎসরের পাশ্চাত্য দর্শনের ইতিহাসে এক স্মরণীয় ঘটনা। কারণ, এই গ্রন্থেই তিনি নির্ভীক কণ্ঠে প্রচার করেছিলেন যে, জ্ঞানের উৎপত্তির সমস্যার সমাধান হিসেবে অভিজ্ঞতাবাদ ও বুদ্ধিবাদ এক একটি চরমপন্থী এবং এক দেশদর্শী মতবাদ। জ্ঞানার্জন ব্যাপারে ইন্দ্রিয় অভিজ্ঞতার ওপর সার্বিক গুরুত্ব আরোপ করে অভিজ্ঞতাবাদীরা সংশয়বাদে উপনীত হয়েছিলেন, কারণ জ্ঞানের উৎপত্তির ব্যাপারে বুদ্ধির যে অনবদ্য ভূমিকা বিদ্যমান সেটা তারা উপলব্ধি করতে ব্যর্থ হয়েছিলেন। জ্ঞানের দুটি প্রধান বৈশিষ্ট্যের কথা উল্লেখ করে কান্ট বলেন যে, প্রকৃত জ্ঞান অবশ্যই অর্থগত এবং অবাধিত হবে। কিন্তু ইন্দ্রিয় অভিজ্ঞতা কখনই অবাধিত এবং সর্বজনগ্রাহ্য সত্যের সন্ধান দিতে পারে না, যেহেতু ইহা স্থান-কাল, পাত্র দ্বারা প্রভাবিত। অপরদিকে বুদ্ধিবাদ শুধুমাত্র বুদ্ধিবৃত্তির ওপর গুরুত্ব আরোপ করায় সমগ্র জ্ঞানার্জন ব্যাপারটি শুধুমাত্র সহজাত ধারণার বিশ্লেষণে পরিণত হয়েছিল। ফলত: রুদ্ধ হয়েছিল জগতে জ্ঞানের অগ্রগতির দ্বার।

কান্টের শিক্ষাদীক্ষায় বুদ্ধিবাদের যেমন প্রভাব ছিল আবার ঠিক অভিজ্ঞতাবাদী হিউমের প্রভাবেও তিনি প্রভাবিত হয়েছিলেন। এই দুই পরস্পর বিরোধী সত্যের মধ্যে যে খণ্ড সত্য নিহিত আছে দার্শনিক কান্ট তাকে অখণ্ড সত্যের রূপ দিতে চেয়েছিলেন। এই উভয় দার্শনিক সম্প্রদায়ের বিভিন্ন সত্যকে এক সূত্রে গ্রথিত করে তিনি বিচারবাদ নামে একটি বিশেষ মতবাদ প্রচার করলেন। কান্ট উপলব্ধি করেছিলেন যে, জ্ঞানকে যেমন হতে হবে সর্বজনগ্রাহ্য ও সুনিশ্চিত, তেমনি দিতে হবে অর্থগত বিষয়ের আধুনায়ন (বিশ্বাস)। অভিজ্ঞতাবাদীরা সংশ্লেষক পরত:সিদ্ধ বচনকে প্রকৃত জ্ঞানের আকার মনে করায় তা যেমন ভ্রান্ত ছিল, তেমনি ভ্রান্ত ছিল বিরুদ্ধ সম্প্রদায়ভুক্ত দার্শনিকদের মতবাদ, যারা বিশ্লেষক পূর্বত:সিদ্ধ বচনকে প্রকৃত জ্ঞানের আকার বলে মনে করে ছিলেন।

কান্ট উপরিউক্ত দুটি বচনকে এক সূত্রে গ্রথিত করে দর্শনের ইতিহাসে এক বিরাট বিপ্লবের সূচনা করে প্রমাণ করেছেন যে, পূর্বত:সিদ্ধ সংশ্লেষক বচন সম্ভব।

কান্ট মনে করেন, তিনি দর্শনের ক্ষেত্রে যে বিপ্লবের সূচনা করেছেন, তা কোপারনিকাসের বিপ্লবের সাথে তুলনীয়। কোপারনিকাস জ্যোতির্বিজ্ঞানের তৎকালিন টলেমি কর্তৃক প্রচলিত ভূ-কেন্দ্রিক ব্যাখ্যার পরিবর্তে সূর্যকেন্দ্রিক ব্যাখ্যার প্রবর্তন করেছিলেন। সূর্যকে পূর্ব থেকে পশ্চিমে যেতে দেখে সাধারণ লোকেরা মনে করতেন যে, পৃথিবী স্থির, সূর্যই পৃথিবীর চারিদিকে ঘোরে। কিন্তু কোপারনিকাস এই সিদ্ধান্তের বিরোধীতা করে বলেন যে, সূর্যই স্থির, পৃথিবীই তার চারিদিকে ঘুরছে। কোপারনিকাসের এই ব্যাখ্যাই সূর্যকেন্দ্রিক ব্যাখ্যা বলে পরিচিত।

Scanned with CamScan

কোপারনিকাসের মতে, সূর্যকে আপাত দৃষ্টিতে গতিশীল বলে মনে হয়। কারণ আমরা আমাদের গতি সূর্যতে আরোপ করি, গতি প্রকৃত পক্ষে পৃথিবীর, সূর্যের নয়। ~~সূর্যের গতি~~ পৃথিবীর গতি সূর্যতে আরোপিত হয়েছে পরবর্তী কালে কোপারনিকাসের এই ব্যাখ্যা-ই সঠিক প্রমানিত হয়, জ্যোতির্বিজ্ঞানে কোপারনিকাসের এই নতুন ব্যাখ্যা এক বিপ্লবেরই সূচনা করে।

ভূকেন্দ্রিক মতবাদের বিপরীত কোপারনিকাস যেমন, সূর্যকেন্দ্রিক মতবাদ প্রতিষ্ঠা করলেন, ঠিক সেইরকম কান্ট জ্ঞানরাজ্যে এক পরিবর্তন আনলেন এবং কান্টের এই ব্যাখ্যাই কোপারনিকাসের বিপ্লবের সাথে তুলনীয়। কান্টের পূর্ববর্তী সরল বস্তুবাদী দার্শনিকগন মনে করতেন যে, জ্ঞান মাত্রই বিষয় নির্ধারিত হবে। জ্ঞানকে সত্য হতে হলে জ্ঞানকে বিষয়ের অনুরূপ হতে হবে। কিন্তু কান্ট দেখান যে, জ্ঞানকে সত্য হলে বিষয়কেই জ্ঞানের অনুরূপ হতে হবে। কান্ট দেখালেন, এই নতুন অনুমানের ওপর ভিত্তি করেই অভিজ্ঞতাপূর্ব জ্ঞানের ব্যাখ্যা দেওয়া সম্ভব। পূর্বতঃসিদ্ধ জ্ঞান ব্যাখ্যার ক্ষেত্রে এই দ্বিতীয় প্রকল্পটি অধিকতর উপযোগী। কিন্তু একথার অর্থ এই নয় যে, বাস্তু সত্যকে কান্ট বার্কলের ন্যায় কতগুলি মানসিক আকারে রূপান্তরিত করেছেন। তিনি বলেছেন যে, "বৌদ্ধিক আকার সম্ভূত" না হয়ে কোন সংবেদনই জ্ঞেয় বিষয় রূপে আমাদের অভিজ্ঞতায় প্রতিভাত হতে পারে না। অভিজ্ঞতার ক্ষেত্রে মন যদি নিষ্ক্রিয় থাকে তাহলে পূর্বতঃসিদ্ধ জ্ঞান ব্যাখ্যা করা যায় না, কিন্তু মানসিক সক্রিয়তার অর্থ এই নয় যে, মন শূন্য থেকে কোন কিছু সৃষ্টি করতে সক্ষম হয়। জ্ঞানের ক্ষেত্রে কান্টের কোপারনিকাস বিপ্লবকে প্রকল্প হিসেবে গ্রহন করার পক্ষে যথেষ্ট যুক্তি আছে। কারণ কান্টের মতে, অভিজ্ঞতায় আমরা যা পাই তা একদিকে যেমন ঐন্দ্রিক ক্ষেত্রে দেশ, কাল, রূপ পূর্বতঃসিদ্ধ আকারে আকারিত, অপরদিকে তেমনি বৌদ্ধিক আকারে শোধিত বস্তুর প্রলক্ষন কিন্তু কখনো ঐন্দ্রিক প্রত্যক্ষে ধরা পড়ে না। সুতরাং অভিজ্ঞতা-র ক্ষেত্রে আমরা যদি কান্টের কোপারনিকাস বিপ্লবের কথা স্বীকার করি তাহলে আমরা জানতে পারি যে, ঐন্দ্রিক প্রত্যক্ষে যা পাই তা ব্যাখ্যা করতে হলে পূর্বতঃসিদ্ধ বিষয়নিষ্ঠ আকার সকলের বিশ্লেষণ প্রয়োজন।

কান্ট